

💵 কুরআনে কারীম ও সহীহ সুন্নাহর আলোকে গুনাহ্ মাফের আমল

বিভাগ/অধ্যায়ঃ ৪. সালাতের অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৪. ৩. এক মা'বুদ (আল্লাহ) এর উদ্দেশ্যে সাজদা করা

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম এই বাস্তব বিষয়টিকে জোরালোভাবে তুলে ধরেছেন বিভিন্ন প্রকার শব্দ চয়নে; তন্মধ্যে সাজদার ফ্যীলতের বর্ণনাটি অন্যতম; রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

« يَا أَبًا فَاطِمَةَ ! أَكْثِرْ مِنْ السُّجُودِ ، فَإِنَّهُ لَيْسَ مِنْ مُسْلِمٍ يَسْجُدُ لِلَّهِ تَبَارَكَ وَتَعَالَى سَجْدَةً إِلَّا رَفَعَهُ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى سَجْدَةً إِلَّا رَفَعَهُ اللَّهُ تَبَارَكَ وَتَعَالَى بهَا دَرَجَةً [فِي الجَنةِ و حط عنه بها خطيئةٌ] » . (رواه أحمد و ابن ماجه) .

"হে আবূ ফাতিমা! বেশি বেশি সাজদা কর; কারণ, যে কোনো মুসলিম ব্যক্তি আল্লাহ তাবারাকা ওয়া তা'আলার উদ্দেশ্যে সাজদা করলে আল্লাহ তাবারাকা ওয়া তা'আলার তার বিনিময়ে জান্নাতে তার মর্যাদা উন্নত করেন এবং তার বিনিময়ে তার গুনাহ্ মাফ করেন।"[1]

ফুটনোট

[1] ইমাম আহমাদ রহ. হাদিসটি বর্ণনা করেছেন এবং হাদিসের শব্দগুলো তাঁর: (৩/৪২৮); ইবনু সা'য়াদ, 'আত-ত্ববাকাত আল-কুবরা': (৭/৫০৮)।

ইবনু লাহি'য়াহ'র সনদে হাদিসটি বর্ণিত, তিনি বলেন: আমাদের নিকট হারেস ইবন ইয়াযিদ তার উস্তাদ কাছীর আল-আ'রাজ আস-সাদাফী থেকে হাদিস বর্ণনা করেছেন, তিনি বলেন: আমি আবূ ফাতিমাকে (তিনি যুল ফাওয়ারী বলে পরিচিত) বলতে শুনেছি যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন এবং তিনি হাদিসটি উল্লেখ করনে।

আমি বলি: এই সনদের বর্ণনাকারীগণ বিশ্বস্ত ও নির্ভরযোগ্য; কেননা, ইবনু লাহি'য়াহ হাদিস বর্ণনার বিষয়টি 'হাদ্দাসানা' স্পষ্ট করে বলেছেন; আর তার নিকট থেকে বর্ণনাকারী ইবনু সা'য়াদ হলেন আবূ আবদির রহমান আল-মুকরী', যিনি আবদুল্লাহ গ্রুপের অন্যতম একজন, তার থেকে যাদের বর্ণিত বর্ণনাসমূহ বিশুদ্ধ বলে স্বীকৃত।

তবে কাছীর ইবন কুলাইব মিসরী অপরিচিত, যেমনটি ইমাম যাহাবী রহ. বলেছেন। আর হাদিসটি কাছীর ইবন মুর্রাহ-এর বর্ণনার কারণে 'মাহফুয', যেমনটি হাফেয ইবনু হাজার 'আসকালানী রহ. 'আত-তাহ্যীব' গ্রন্থের মধ্যে বলেছেন।

হাদিসটি ইমাম ইবনু মাজাহ রহ. বর্ণনা করেছেন, হাদিস নং- ১৪২২ এবং ইমাম নাসায়ী রহ. 'আল-কুবরা' নামক গ্রন্থে বর্ণনা করেছেন: (৯/২৪০ — "তুহফাতুল আশরাফ"); তাঁরা তাঁর থেকে দু'টি সনদে হাদিসটি বর্ণনা



করেছেন।

আমি বলি: কাছীর ইবন মুর্রাহ আল-হাদরামী বিশ্বস্ত ও নির্ভরযোগ্য বর্ণনাকারী; সুতরাং হাদিসটি সহীহ (আল-হামদুলিল্লাহ)। তাছাড়া হাদিসটির সমর্থনে সাওবান, আবূ দারদা ও 'উবাদাতা ইবন সামিত রাদিয়াল্লাহু 'আনহুম থেকে সহীহ হাদিস বর্ণিত হয়েছে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=10480

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন